গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: “Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-02)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | নাজমুল আহসান<br>সচিব |
| সভার তারিখ | ১৬ নভেম্বর, ২০২৩ |
| সভার সময় | বেলা ০২:১৫ ঘটিকা |
| স্থান | পানি ভবনের সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-২ শাখা) জানান যে, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর ঋণ, নেদারল্যান্ডস সরকারের অনুদান ও বাংলাদেশ সরকারের অর্থায়নে “Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন। প্রকল্পটির মোট অনুমোদিত ব্যয় ১৮০০৯০.৩৩ লক্ষ টাকা (জিওবি ৩৫৭৫৩.৮৫৪ লক্ষ টাকা, এডিবি ঋণ ১৩০৭২৭.৯০ লক্ষ টাকা এবং নেদারল্যান্ডসের অনুদান ১৩৬০৮.৫৭৪ লক্ষ টাকা) এবং মেয়াদকাল জানুয়ারি, ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত। তবে এডিবি'র সাথে প্রকল্পটির ঋণচুক্তির মেয়াদকাল ২৬ জুন ২০২৪ পর্যন্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৩২.২০% এবং আর্থিক অগ্রগতি ২৩.৪১%। অতঃপর প্রকল্প পরিচালক প্রকল্পটির বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্ত/ সুপারিশ গৃহিত হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্প সমাপ্তির তারিখ ৩১ ডিসেম্বর ২০২৫ হলেও এডিবি'র সাথে প্রকল্পের ঋণচুক্তি সমাপ্তির তারিখ ২৬ জুন ২০২৪। প্রকল্পভুক্ত সকল ভৌত কার্য, পণ্য ও সেবা ঋণচুক্তির মেয়াদে সম্পন্ন করতে চলতি অর্থবছরের আরএডিপিতে প্রাপ্ত এডিপি বরাদ্দের অতিরিক্ত প্রায় ৪০ কোটি টাকা জিওবি বরাদ্দের (ম্যাচিং ফান্ড) প্রয়োজন হবে। জিওবি অংশের প্রয়োজনীয় ম্যাচিং ফান্ড বরাদ্দ ব্যাতীত প্রকল্প ঋণ/অনুদান খরচের সুযোগ না থাকায় অতিরিক্ত বরাদ্দ সংস্থান করা সম্ভবপর না হলে প্রকল্পের অগ্রগতি ব্যাহত হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, আরএডিপিতে/ বিদ্যমান এডিপি বরাদ্দের উপযোজনের মাধ্যমে অত্র প্রকল্পে জিওবি ম্যাচিং ফান্ড হিসেবে অতিরিক্ত ৪০ কোটি টাকা বরাদ্দ সংস্থান করা যেতে পারে। সভাপতি ঋণচুক্তির মেয়াদকালের মধ্যে প্রকল্পের সকল কাজ বাস্তবায়নের প্রচেষ্টা চালানোর পাশাপাশি ঋণচুক্তির মেয়াদ বর্ধিত করার প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) বিদ্যমান এডিপি বরাদ্দের উপযোজন/ আরএডিপিতে প্রকল্পে জিওবি ম্যাচিং ফান্ড হিসেবে অতিরিক্ত ৪০ কোটি টাকা বরাদ্দ সংস্থান করতে হবে।<br>খ) ঋণচুক্তির মেয়াদকালের মধ্যে সদ্য অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি মোতাবেক প্রকল্পের সংশ্লিষ্ট সকল কাজের বাস্তবায়ন সমাপ্ত করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো/ পরিকল্পনা উইং, পাসম/ প্রকল্প পরিচালক |

<table>
<tr>
<td>২</td>
<td>প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি’র অনুমোদন প্রক্রিয়াকরণকালে পানি সম্পদ মন্ত্রণালয় হতে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী জমি অধিগ্রহণ বাবদ বরাদ্দ স্বল্পতা, ঋণচুক্তির মেয়াদকাল বর্ধিত না হওয়ায় সময় স্বল্পতা প্রভৃতি বিবেচনায় নিয়ে ২০২৩-২৪ অর্থবছরের এডিপি’তে জমি অধিগ্রহণ বাবদ প্রাপ্ত বরাদ্দের সাথে সামঞ্জস্যপূর্ণ পরিমাণ জমি অধিগ্রহণ করে তাতে নির্মাণযোগ্য ২.৫৩ কি.মি. বাঁধকে W-10-a প্যাকেজ এবং অবশিষ্ট ৫.৩৭ কি.মি. বাঁধ ও ২টি রেগুলেটরকে W-10-b প্যাকেজে বিভক্ত করে ১ম সংশোধিত ডিপিপিতে সংস্থান রয়েছে। উভয় প্যাকেজের জন্য একাধিক এলএ কেসে বিভক্ত করে জমি অধিগ্রহণের প্রস্তাব দাখিল করা হচ্ছে। ইতোমধ্যে, ২টি এলএ কেসের মাধ্যমে ১০.৯০ হেক্টর জমি অধিগ্রহণের প্রস্তাব দাখিল করা হয়েছে। তন্মধ্যে, ৪.৫৪ হেক্টর জমি অধিগ্রহণ না হলে W-10-a প্যাকেজের ০.৮৩ কি.মি. বাঁধ নির্মাণ সম্ভব হবে না, যা এপিএ’র লক্ষ্যমাত্রাভুক্ত।</td>
<td>দাখিলকৃত প্রস্তাব অনুযায়ী জমি অধিগ্রহণ যথাদ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>প্রকল্প পরিচালক/ জেলা প্রশাসক, সিরাজগঞ্জ</td>
</tr>
<tr>
<td>৩</td>
<td>পানি সম্পদ মন্ত্রনালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ বর্ণিত প্রকল্পের আওতায় নিম্নলিখিত লক্ষ্যমাত্রার সূচকসমূহ নির্ধারিত হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রমিক</th><th>কর্মসম্পাদন সূচকের নাম ও নম্বর</th><th>লক্ষ্যমাত্রা</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr>
<tr><td>১।</td><td>বাঁধ নির্মান</td><td>২.০০ কি.মি.</td><td>-</td></tr>
<tr><td>২।</td><td>নদী তীর সংরক্ষণ</td><td>২০.০০ কি.মি.</td><td>৪.০০ কি.মি.</td></tr>
<tr><td>৩।</td><td>সম্পাদিত নদী তীর সংরক্ষণ কাজের মেরামত/ শক্তিশালীকরণ</td><td>৭.০০ কি.মি.</td><td>২.৫৬ কি.মি.</td></tr>
</table>
</td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ ধার্যকৃত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্মসম্পাদন সূচকের যথাসময়ে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।</td>
<td>মহাপরিচালক, বাপাউবো/ এপিএ টীম লিডার, পাসম/ প্রকল্প পরিচালক</td>
</tr>
</table>

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল আহসান
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.১৪.০২৯.২২.৩৮৮

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩০
০৩ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ

২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

৮) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

১০) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৪) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) প্রধান প্রকৌশলী, বাপাউবো।

১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৮) উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২০) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২১) প্রকল্প পরিচালক, Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2) শীর্ষক প্রকল্প, বাপাউবো, ঢাকা।


২২) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট), বাপাউবো।

২৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

২৪) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

২৫) সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

২৬) অফিস, কপি।



এস. এম. সরওয়ার কামাল
উপসচিব